

## আমন্ত্রিত অতিথিবর্গ



অধ্যাপক (ড.) নিমাই চন্দ্র সাহা  
উপাচার্য, বর্ধমান বিশ্ববিদ্যালয়  
পশ্চিমবঙ্গ



অধ্যাপক (ড.) রমেন কুমার সর  
অধ্যক্ষ, কলা অনুষদ  
বর্ধমান বিশ্ববিদ্যালয়, পশ্চিমবঙ্গ



অধ্যাপক (ড.) গোলাম মুস্তাফা  
বাংলা বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়  
বাংলাদেশ



অধ্যাপক (ড.) অপর্ণা রায় ভট্টাচার্য  
বাংলা বিভাগ, বিশ্বভারতী  
শান্তিনিকেতন, পশ্চিমবঙ্গ



অধ্যাপক আব্দুল কাফি  
বাংলা বিভাগ, যাদবপুর বিশ্ববিদ্যালয়  
পশ্চিমবঙ্গ

## মানকর কলেজে আসার নির্দেশিকা :

বর্ধমান বা আসানসোল রেলস্টেশন থেকে প্যাসেঞ্জার/  
লোকাল/এক্সপ্রেস ট্রেনে সরাসরি মানকর রেলস্টেশনে  
আসা যায়। রেলস্টেশন থেকে বেরিয়ে সহিকেল  
রিপ্লা/ব্যাটারিচালিত রিক্সা/বাসে করে মানকর কলেজ  
১০ মিনিটের পথ। পায়ে হেঁটেও কলেজ আসা যায়।  
সময় লাগবে আনুমানিক ২০ মিনিট।

## বর্ধমান রেলস্টেশন থেকে উল্লেখযোগ্য ট্রেনের সময় :

- সকাল ০৭.৩০ মিনিট (প্যাসেঞ্জার)
- সকাল ০৭.৫৯ মিনিট (ব্র্যাক ডায়মন্ড সুপারফাস্ট)
- সকাল ০৮.৪০ মিনিট (লোকাল)
- সকাল ০৯.৫০ মিনিট (লোকাল)

## আসানসোল রেলস্টেশন থেকে উল্লেখযোগ্য ট্রেনের সময় :

- সকাল ০৬.২০ মিনিট (লোকাল)
- সকাল ০৭.০৩ মিনিট (কোল্ডফিল্ড সুপারফাস্ট)
- সকাল ০৭.৪২ মিনিট (লোকাল)
- সকাল ০৯.০০ মিনিট (লোকাল)

বর্ধমান থেকে আসানসোলের মধ্যে প্রায় সারাদিন  
নিয়মিত বাস চলাচল করে (ভায়া বৃদবৃদ-মানকর  
স্টেশন - মানকর হাটতলা)।

- সহযোগিতায় : মানকর কলেজের সকল অধ্যাপক-অধ্যাপিকা,  
শিক্ষাকর্মী ও ছাত্রছাত্রীবৃন্দ।

## ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের জন্মদ্বিশতবর্ষ উপলক্ষে আন্তর্জাতিক আলোচনা সভা

### ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর : জীবন ও সাহিত্য



উচ্চশিক্ষা দপ্তর, পশ্চিমবঙ্গ সরকারের অর্থানুকূলে

আয়োজক :

বাংলা বিভাগ  
(স্নাতক ও স্নাতকোত্তর)



মানকর কলেজ

মানকর, পূর্ব বর্ধমান - ৭১৩১৪৪

## আমন্ত্রণ পত্র

মহাশয়/মহাশয়া,

মানকর কলেজের বাংলা বিভাগের পক্ষ থেকে আমরা ২৬ সেপ্টেম্বর ২০১৯ একটি আন্তর্জাতিক আলোচনা সভার আয়োজন করতে চলেছি। এই আলোচনা সভায় আপনাদের প্রত্যক্ষ উপস্থিতি একান্তভাবে কামনা করি। পাশাপাশি অধ্যাপক, গবেষকদের কাছ থেকে উক্ত আলোচনা সভায় গবেষণামূলক নিবন্ধ আহ্বান করা হচ্ছে।

আঞ্জুমান লিপি  
ড. অরিজিৎ ভট্টাচার্য  
যুগ্ম আহ্বায়ক  
আন্তর্জাতিক আলোচনা সভা

ধন্যবাদান্তে -  
ড. সুকান্ত ভট্টাচার্য  
অধ্যাপক  
মানকর কলেজ

### ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের জন্মদ্বিশতবর্ষ উপলক্ষে আন্তর্জাতিক আলোচনা সভা

উনিশ শতকে বাংলার মাটিতে যে-সমস্ত মহামানবদের আবির্ভাব ঘটেছিল, তাঁদের মধ্যে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর অগ্রগণ্য। তিনি যেন নিঃসঙ্গ দেবজন্মের মতো বিশাল প্রান্তরে একাকী দণ্ডায়মান। ধর্মান্দোলন, শিক্ষাবিস্তার, বিধবাবিবাহ প্রচলন, বাল্যবিবাহ ও বহুবিবাহ রোধ, জ্ঞানচর্চা, সামাজিক কর্মকাণ্ড, সাহিত্য সাধনা - প্রত্যেকটি বিষয়ই বিদ্যাসাগরের সৌরপ্রতিভার বিভাস্পর্শে দীপ্ত সমুজ্জ্বল। বিদ্যাসাগরের চরিত্রে একদিকে ছিল কঠিন অনমনীয় ব্যক্তিত্ব, যা দুর্বীর দুর্দম, অপ্রতিরোধ্য। অন্যদিকে, তা স্নেহমমতা ভালোবাসায় ব্যাকুল, নমনীয় মানবিকতায় অতুলনীয়। সত্যিই তিনি বিশ্ববিধাতর চিরবিশ্বায়।

আমরা আজ পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের জন্মদ্বিশতবর্ষের প্রাক্মুহূর্তে দাঁড়িয়ে আছি। তিনি যখন জন্মেছিলেন তখন আমরা ছিলাম ইংরেজের অধীনে। দুঃখ, দারিদ্র্য আর অশিক্ষার অন্ধকারে ডুবে ছিল আমাদের দেশ। যে কজন মহাপুরুষ দেশের প্রকৃত অবস্থা বুঝে নানারকম সংস্কারের কাজে এগিয়ে এসেছিলেন তাঁদের অন্যতম ছিলেন বিদ্যাসাগর। দেশকে স্বাক্ষর ও শিক্ষিত করে তুলতে তিনি ব্যক্তিগত জীবনে বারবার ঝুঁকি নিয়েছেন, ত্যাগ স্বীকার করেছেন। মানকর অঞ্চলের সঙ্গেও তাঁর সম্পর্ক আমাদের অজানা নয়। তাঁর হাতে প্রতিষ্ঠিত মানকর উচ্চবিদ্যালয় আজ এই অঞ্চলের ছাত্রছাত্রীদের শিক্ষালাভের অন্যতম পীঠস্থান।

ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের জীবন ও কর্মের বহু বৈচিত্র্যময় সুরকে আরও গভীরভাবে অধ্যয়ন করা আমাদের আজ একান্ত প্রয়োজন। তাই তাঁর জন্মদ্বিশতবর্ষের প্রাক্কালে দাঁড়িয়ে মানকর কলেজের বাংলা বিভাগের পক্ষ থেকে আগামী ২৬ সেপ্টেম্বর, ২০১৯ 'ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর : জীবন ও সাহিত্য' শীর্ষক একটি আন্তর্জাতিক আলোচনা সভা আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

বিষয়ের উপবিভাগ : আলোচনা সভার মূল বিষয়ের সঙ্গে প্রাসঙ্গিক যে-কোনো বিষয়ে গবেষণাপত্র উপস্থাপন করা যাবে।

## গুরুত্বপূর্ণ তথ্যাবলী

গবেষণাপত্রের সংক্ষিপ্তসার (অনধিক ৩০০ শব্দ) জমা দেওয়ার শেষ দিন: ৩১-০৮-২০১৯

পূর্ণাঙ্গ গবেষণাপত্র (অনধিক ৩০০০ শব্দ) জমা দেওয়ার শেষ দিন: ১০-০৯-২০১৯

লেখা পাঠানোর ঠিকানা : [mankarcollege.bengali@gmail.com](mailto:mankarcollege.bengali@gmail.com)

উল্লিখিত ঠিকানায় গবেষণাপত্রের সংক্ষিপ্তসার ও পূর্ণাঙ্গ গবেষণাপত্র অত্র/আমার বাংলা/বাংলা ওয়ার্ড/বিজয় বাংলা সফটওয়্যারে টাইপ করে মাইক্রোসফট ওয়ার্ড এবং পিডিএফ (pdf) ফর্মাটে পাঠাতে হবে। ফন্ট সাইজ ১৪ (শিরোনাম) ও ১২ (মূল লেখা), লাইন স্পেসিং ১.৫, পেপার সাইজ A4.

গবেষণাপত্রের শেষে গবেষকের নাম, পরিচয়, ই-মেল আইডি, মোবাইল এবং ঠিকানা থাকা আবশ্যিক।

কোনো চিত্র বা তদনুরূপ তথ্যের ক্ষেত্রে যথাযথ উৎস নির্দেশ করতে হবে।

গবেষণাপত্র পাঠের জন্য নিবাচিত হলে ই-মেল মারফৎ ০১-০৯-২০১৯ এর মধ্যে জানিয়ে দেওয়া হবে।

উপস্থাপিত ও নিবাচিত গবেষণাপত্র পরবর্তীকালে ISBN সংকলনগ্রন্থ রূপে প্রকাশের পরিকল্পনা আছে।

নির্ধারিত অনুদান : শিক্ষাপ্রতিষ্ঠানের অধ্যাপক/শিক্ষক ৮০০ টাকা (ভারতীয় মুদ্রায়), শিক্ষাপ্রতিষ্ঠানের গবেষক : ৫০০ টাকা (ভারতীয় মুদ্রায়)

### আলোচনা সভা সংক্রান্ত বিষয়ে যোগাযোগ করতে পারেন

আঞ্জুমান লিপি (মো. ৯৭৩৩৪৮১৩৫৭), ড. অরিজিৎ ভট্টাচার্য (মো. ৯৮৩৬০৯২২১৪), কাজল রায় (মো. ৯৭৩৪২৪৯৭৬৫), সেখ মেহের আবদুল্লাহ (মো. ৯৬৪৭৬৮৫৮৯৯), বনশ্রী দত্ত (মো. ৯৯৩২৪০৭৯৮২), অমিত অধিকারী (মো. ৯০০৭০৮০১৫১), প্রতিম দত্ত (মো. ৮৬২০৯৮১৩১৭)